



পলাশবাড়ী পৌরসভা

পলাশবাড়ী, গাইবান্ধা

ই-মেইল: palashbari.poura@gmail.com

Web: palashbari-pourashava.com



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০৬০.০০১.০০.০০৬.২৩- ৫০

তারিখঃ ২৬-০১-২০২৩ খ্রিঃ

বাংলা ১৪৩০ সালের জন্য হাটবাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা, ২০১১ অনুযায়ী গাইবান্ধা জেলার পলাশবাড়ী পৌরসভার নিম্ন তফশীল বর্ণিত হাটবাজার নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদান করা হবে। ইজারা বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক আত্মহী দরপত্র দাতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	হাট বাজারের নাম	পৌরসভার নাম	বাংলা ১৪৩০ সালের কাঙ্ক্ষিত সরকারি মূল্য (পূর্ববর্তী ৩ বৎসরের ইজারার গড় মূল্যের ৬% বৃদ্ধিসহ)	দরপত্র মূল্য (অফেরৎযোগ্য)	দরপত্র ক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময়ে)	দরপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	কালিবাড়ী হাট ও বাজার কলাহাটি সহ	পলাশবাড়ী পৌরসভা	৯৯,২০,৫০০/=	২১,০০০/=	১ম বার ১২-০২-২০২৩খ্রি. ২৯ মাঘ ১৪২৯বাং ২য় বার ২৭-০২-২০২৩খ্রি. ১৪ ফাল্গুন-১৪২৯বাং ৩য় বার ১৯-০৩-২০২৩খ্রি. ০৫ চৈত্র ১৪২৯ বাং	১৩-০২-২০২৩খ্রি. ৩০-২৯ মাঘ ১৪২৯বাং ২৮-০২-২০২৩খ্রি. ১৫-ফাল্গুন ১৪২৯ ২০-০৩-২০২৩খ্রি. ০৬ চৈত্র ১৪২৯ বাং	১ম বার দর গৃহীত হলে পরবর্তী সময়সূচির কার্যকারীতা থাকবে না।

শর্তাবলী :-

- বাংলা ১৪৩০ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা দেয়া হবে।
- দরপত্র সমূহ জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (স্থানীয় সরকার শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশবাড়ী এবং পলাশবাড়ী পৌরসভা কার্যালয়, পলাশবাড়ী হতে নির্ধারিত (অফেরৎযোগ্য) মূল্যে তফশীল (৬নং কলাম) বর্ণিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম (সিডিউল) সংগ্রহ/ক্রয় করা যাবে। বর্ণিত ০১নং কলামে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশবাড়ী এবং পলাশবাড়ী পৌরসভা কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্কে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্রসমূহ দাখিল করা যাবে এবং ঐ দিনই বেলা ০২.০০ ঘটিকা উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্কে খোলা হবে।
- প্রথমবার যদি ধার্যকৃত কাঙ্ক্ষিত সরকারি (বর্ণিত তফশীলের ৪নং কলামে উল্লেখিত মূল্য) ইজারা মূল্যের কোন দরপত্র কিংবা নীতিমালা অনুযায়ী কাঙ্ক্ষিত ইজারা মূল্য না পাওয়া যায়, তাহলে তফশীলের ৬নং ও ৭নং কলামে বর্ণিত ২য় ও ৩য় বারের ধার্যকৃত তারিখসমূহের পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ, স্থান ও সময়সূচী অনুযায়ী দরপত্র বিক্রয় ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।
- দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ আগাম হিসাবে যে কোন তফসিলী ব্যাংক ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মেয়র, পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা এর অনুকূলে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা এহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যর্পণ করা হবে।
- যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ পূর্বক কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে জাতীয় পরিচয় পত্র সংযুক্ত করতে হবে।
- সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে এবং দৃশ্যমান স্থানে টোলচার্ট টাঙ্গাতে হবে।
- ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেনা। অন্যথায় বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ গোলাম সারোয়ার

মেয়র

পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।



পলাশবাড়ী পৌরসভা

পলাশবাড়ী, গাইবান্ধা

ই-মেইল: palashbari.poura@gmail.com

Web: palashbari-pourashava.com



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২.০০৬০.০০১.০০.০০৬.২৩- ৫০ (১২); তারিখঃ ২৬-০১-২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ৫। কাউন্সিলর (সকল) পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।
- ৬। পৌর নির্বাহী কর্মকর্তা(ভারঃ), পলাশবাড়ী পৌরসভা, পলাশবাড়ী গাইবান্ধা।
- ৭। সহকারী প্রকৌশলী, পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।
- ৮। জনাব-----ইজারাদার, পলাশবাড়ী গাইবান্ধা।
- ৯। বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক মাধুকর, গাইবান্ধা ৪ কলামে ৬ ইঞ্চি সাইজের মধ্যে
ভিতরের পাতায় একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক প্রতিদিনের সংবাদ, গাইবান্ধা ৪ কলামে ৬ ইঞ্চি সাইজের মধ্যে
ভিতরের পাতায় একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ১১। আইটি- শাখা, দরপত্র বিজ্ঞপ্তিটি পৌরসভার ওয়েব সাইট এ আপলোড করার জন্য কলা হলো।
- ১২। অফিস নথি।

মেয়র

পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।